# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**24-04-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে প্রথম দফার নির্বাচনে শেষ পাওয়া খবর অনুযায়ী ভোট পড়েছে গড়ে প্রায় ৯৩ শতাংশ যা স্বাধীনতা উত্তর ভারতে এক অনন্য নজির।

২) প্রথম দফার নির্বাচন নির্বিঘ্নে হওয়ায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল সন্তোষ ব্যক্ত করেছেন।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার উচ্চ হারে ভোট পড়াকে স্বাগত জানান।

৩) রাজ্যে বিধানসভায় নির্বাচনের দ্বিতীয় দফার জন্য ওয়েবকাস্টিং এর ট্রায়াল রান আজ শুরু হচ্ছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

৪) রাজ্যে দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় ১৪২ টি আসনে আগামী ২৯ শে এপ্রিল ভোটগ্রহণের আগে প্রচারাভিযান জমে গেছে।

৫) রাজ্যে পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে আজ তাপপ্রবাহের সতর্কতা।

---

সাম্প্রতিককালে ভোটদানের সব রেকর্ড ছাপিয়ে রাজ্যে প্রথম দফার নির্বাচনে শেষ পাওয়া খবর অনুযায়ী ভোট পড়েছে গড়ে ৯২ শতাংশের বেশি। সবচেয়ে বেশি ভোট পড়েছে কোচবিহারে ৯৬ শতাংশ। এরপরই রয়েছে দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, বীরভূম, মালদা ও উত্তর দিনাজপুর। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট কাশফিন

------------------

প্রথম দফায় নির্বাচন নির্বিঘ্নে হওয়ায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সন্তোষ প্রকাশ করেছেন। তিনি বলেন, এই দফায় ভোটাররা নির্ভয়ে ভোট দিয়েছেন এবং বুথের ভিতরে কোনও অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

তিনি গতকাল জানান, প্রথম দফার নির্বাচনে ৯০ শতাংশের বেশি ভোট পড়েছে। তবে চূড়ান্ত হার এই মুহূর্তে বলা সম্ভব নয়। তিনি বলেন, এরিয়া ডমিনেশনের জেরে কোথাও বুথের ভিতরে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটেনি। ভোটগ্রহণ কোথাও দীর্ঘক্ষণ থেমেও থাকেনি।

ওয়েবকাস্টিং ব্যবস্থাও ১০০ শতাংশ কার্যকর ছিল বলে জানিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, কোথায় ক্যামেরা বসবে, তা আগে থেকেই নির্ধারিত ছিল। বিদ্যুতের সমস্যা থাকলে জেনারেটর ব্যবহার করা হয়। বসানো হয় সিম-ভিত্তিক ক্যামেরা। প্রতি

১৫ মিনিট অন্তর রিটার্নিং অফিসারের কাছ থেকে খোঁজখবর নেওয়া হয় বলেও তিনি জানান।

------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার উচ্চহারে ভোট পড়াকে স্বাগত জানিয়ে বলেন, স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত পশ্চিমবঙ্গ এবং তামিলনাড়ুতে এত ভোট পড়েনি। দুই রাজ্যের ভোটারদেরই তিনি অভিনন্দন জানিয়েছেন। শহর ও গ্রামাঞ্চলে সামনহারে মহিলা ভোটাররা উৎসাহ উদ্দীপনার সঙ্গে ভোটাধিকার প্রয়োগ করেছেন। প্রথমবারের ভোটারদের অংশগ্রহণও ছিল চোখে পড়ার মতো।

------------------

বিজেপি প্রবীন নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ পশ্চিমবঙ্গে প্রথম দফার ভোটের গতিপ্রকৃতিতে সন্তোষ প্রকাশ করেছেন। হুগলী জেলার বলাগড় ও পুরশুড়ায় গতকাল জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, মাত্র কয়েক ঘন্টার মধ্যে বিপুল সংখ্যক ভোটারের উপস্থিতি প্রমাণ করেছে যে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সরকারের পতন আসন্ন। তিনি ভোটারদের ২৯ শে এপ্রিল আবারও নির্ভয়ে ভোটকেন্দ্রে আসার আহ্বান জানান। মুর্শিদাবাদের বহরমপুরে কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরীও ভোট প্রক্রিয়া নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন।

চৌঠা মে অসম, কেরালাম ও পুদুচেরি বিধানসভা নির্বাচনের সঙ্গেই তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গের ভোট গণনা।

-----------------

বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া প্রথম দফার নির্বাচন অভূতপূর্ব হয়েছে বলে দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন। পশ্চিমবঙ্গের মানুষ এতদিন যে ধরনের নির্বাচন দেখেছেন, এবারের নির্বাচন তার থেকে অনেকটাই আলাদা। বিপুল সংখ্যক মানুষ আজ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছেন।

এবারের নির্বাচন মানুষের অধিকার রক্ষার লড়াই। সেই কারণেই এত ভোট পড়েছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দাবি করেছেন। বিজেপির চক্রান্তের বিরুদ্ধে মানুষ ভোট দিচ্ছেন বলেও তিনি জানান।

-----------------

রাজ্যে বিধানসভায় নির্বাচনের দ্বিতীয় দফার জন্য ওয়েবকাস্টিং এর ট্রায়াল রান আজ সকাল দশটায় শুরু হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। তিনটি ধাপে চলবে এই ট্রায়াল রান। প্রথম দফার ভোট শেষ হওয়ার পর কয়েকটি নতুন নির্বাচনী পরবর্তী বিধি প্রকাশ করেছে নির্বাচন কমিশন। নজরদারি ক্যামেরার ব্যবহার ও ভিডিও তথ্য সংক্রান্ত ক্ষেত্রে কড়া প্রটোকল জারি করা হয়েছে। নতুন বিধিতে বলা হয়েছে, ভোট

কেন্দ্রের ক্যমারায় ব্যবহৃত SD কার্ড ভোট শেষ হবার সঙ্গে সঙ্গেই বের করে নেওয়া যাবে না। এই কার্ড একমাত্র ডিসিআরসিতে সরকারি রিটার্নিং অফিসারের উপস্থিতিতে ক্যামেরা থেকে বের করা যাবে। ভোট চলাকালীন গৃহীত সমস্ত ভিডিও ফুটেজ খুব সতর্ক ভাবে ও সঠিক পদ্ধতিতে সংগ্রহ করতে হবে বলে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। ক্যামেরার যন্ত্রপাতি যতক্ষণ না খোলা হচ্ছে, কোনও ভোট কর্মী বা বুথ স্তরের আধিকারিক ভোট কেন্দ্র পরিত্যাগ করতে পারবেন না। সেক্টর অফিসারের উপস্থিতিতে ক্যামেরা খোলার নির্দেশ রয়েছে নতুন বিধিতে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৩**-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

------------------

পশ্চিমবঙ্গের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের আগে প্রচার জমে উঠেছে।

বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দমদম ও বারুইপুরে জনসভায় ভাষণ দেবেন।

দলের অপর বরিষ্ঠ নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে এবং হুগলীর কোন্নগরে জনসভায় ভাষণ দেবেন, জগদ্দলে তাঁর রোড শোর কর্মসূচী রয়েছে।

বিজেপি নেতা আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা দক্ষিণ ২৪ পরগণার রায়দিঘি এবং হুগলীর খানাকুলে জনসভা করবেন। সন্ধ্যায় দমদমে রোড শো-এ অংশ নেবেন।

অন্যদিকে তৃনমূল কংগ্রেস সভানেত্রী মমতা ব্যানার্জীর ভবানীপুরে জনসংযোগ করার কথা। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ হাওড়া, দক্ষিণ ২৪ পরগণার একাধিক জায়গায় নির্বাচনী সভা ও রোড শো করবেন।

বিহারের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী আরজেডি নেতা আজ তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে খড়দা বিধানসভা কেন্দ্রে একটি জনসভায় ভাষণ দেবেন।

বামফ্রন্টের পক্ষে সিপিআইএমের যাদবপুর কেন্দ্রের প্রার্থীর সমর্থনে বৃন্দা কারাত, সুজন চক্রবর্তী মিছিলে অংশ নেবেন। সিপিআইএমের সাধারণ সম্পাদক এম এ বেবি নিউটাউনে জনসভায় অংশ নেবেন।

এদিকে দ্বিতীয় দফার ভোটে কংগ্রেসের দলীয় প্রার্থীদের সমর্থনে আগামীকাল কংগ্রেস নেতা রাহুল গান্ধী আগামীকাল হুগলীর শ্রীরামপুর, কলকাতার শহীদমিনার ময়দান ও মেটিয়াবুরুজে তিনটি জনসভায় অংশ নেবেন।

অন্যদিকে, আইএসএফ নেতা নৌসাদ সিদ্দিকি দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গর, ক্যানিং পূর্ব, ক্যানিং পশ্চিম এবং বাসন্তীতে একাধিক নির্বাচনী সভার পাশাপাশি রোডশো-তেও অংশ নেবেন।

------------------

রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে আজ তাপপ্রবাহের সতর্কতার সঙ্গে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ট ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে শনিবার থেকে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রগর্ভ মেঘ সঞ্চারের ফলে বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

সেই সঙ্গে ঘন্টায় পঞ্চাশ থেকে ষাট কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে। তাপমাত্রাও তিন থেকে চার ডিগ্রী কমার সম্ভাবনা।

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, মুর্শিদাবাদ সহ উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই শনিবারের পর বৃষ্টির পরিমাণ বাড়বে।

------------------ ------------------